২০২৬

বাংলা - মাইনর

পত্র : MN-2

(বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা - ১)

পূর্ণমান - ৭৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) স্বরধ্বনি কাকে বলে? মৌলিক স্বরধ্বনিগুলি সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ৫+১০

অথবা

(খ) শব্দভাণ্ডার বলতে কী বোঝো? বিদেশি শব্দভাণ্ডার থেকে বাংলায় গৃহীত শব্দগুলি সম্পর্কে আলোচনা করো। ৩+১২

২। (ক) নিম্নলিখিত ***যে-কোনো তিনটি*** বিষয়ে উদাহরণসহ আলোচনা করো—

অভিশ্রুতি, সমীভবন, ব্যঞ্জনাগম, স্বরলোপ, নাসিক্যীভবন। ৫+৫+৫

অথবা

(খ) বাংলা ভাষায় শব্দার্থ পরিবর্তনের কারণ ও ধারাগুলি সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ৭+৮

৩। (ক) 'পুরুষ' বলতে কী বোঝো? বাংলা ভাষায় রূপতত্ত্বের নিরিখে পুরুষ কয় প্রকার, কী কী— উদাহরণসহ আলোচনা করো। ৫+১০

অথবা

(খ) সমাস কাকে বলে? বাংলা ভাষায় সমাসের প্রয়োজন কতখানি? যে-কোনো দুটি সমাসের বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো। ৩+৪+৪+৪

৪। (ক) উদাহরণসহ আলোচনা করো—

বিপর্যাস। ৫

অথবা

(খ) টীকা লেখো— ধ্বনি ও বর্ণের পারস্পরিক সম্পর্ক। ৫

৫। (ক) টীকা লেখো— উপভাষা। ৫

অথবা

(খ) উচ্চারণ-প্রকৃতি অনুযায়ী ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ করো। ৫

৬। (ক) বাংলা রূপতত্ত্বে 'প্রত্যয়' কয়প্রকার ও কী কী? প্রত্যেকটির উদাহরণ দাও। ৫

অথবা

(খ) উদাহরণসহ আলোচনা করো— উন্মধ্বনি। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও— ১×১৫

(ক) ধ্বনি ও অক্ষরের একটি পার্থক্য লেখো।

(খ) দুটি বিশুদ্ধ ওষ্ঠ্য ধ্বনির উদাহরণ দাও।

(গ) বরেন্দ্রী উপভাষার একটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(ঘ) দুটি স্নিগ্ধ তালব্য ধ্বনির উদাহরণ দাও।

(ঙ) বঙ্গালী উপভাষার একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(চ) সঘোষ ও অঘোষ ধ্বনির পার্থক্য লেখো।

(ছ) একটি উচ্চ-মধ্য, সম্মুখ, প্রসারিত স্বরধ্বনির নাম লেখো।

(জ) কেন্দ্রীয় বিবৃত স্বরধ্বনিটির নাম উল্লেখ করো।

(ঝ) একটি পরাগত স্বরসঙ্গতির উদাহরণ দাও।

(ঞ) লাল > নাল— এখানে কী জাতীয় ধ্বনি পরিবর্তন ঘটেছে?

(ট) মালদহের ভাষা কোন্ উপভাষার অন্তর্গত?

(ঠ) সিংহ চিহ্নিত আসন = সিংহাসন, এখানে কোন্ সমাস হয়েছে?

(ড) <u>বর্ষা</u> এসে গেছে— নিম্নরেখ শব্দটির কারক-বিভক্তি নির্দেশ করো।

(ঢ) 'পেয়ারা' শব্দটি কোন্ দেশের ভাষা থেকে এসেছে?

(ণ) বাংলাভাষায় একটি মিশ্র শব্দ বা সঙ্কর শব্দের উদাহরণ দাও।